

ফাতওয়া নান্বার: ১০৯

প্রকাশকাল: ০৮-১০-২০২০ ইং

## ইংলিশ মিডিয়াম স্কুলে শিক্ষকতা করার হুকুম কী?

প্রশ্ন:

ইংলিশ মিডিয়াম স্কুলে শিক্ষকতা করা কি জায়েজ হবে? এখানে পহেলা বৈশাখ, পহেলা ফাল্গুন ও এ ধরনের উৎসব পালনে রীতিমতো বাধ্য করা হয়। এছাড়া মুজিববর্ষ, জন্মদিন, বিজয় দিবস, শহীদ দিবসগুলোও নাচে গানে পালন করা হয়। এসব অনুষ্ঠান বাধ্যতামূলকভাবে পালন করতে হলে কি আমার ঈমান টিকবে? এভাবে চাকরি করে সেই বেতন কি আমার জন্য হালাল হবে?

প্রশ্নকারী- আবাবিল

ঠিকানা-অঞ্জাত

উত্তর:

যে কোনো স্কুলে শিক্ষকতা বৈধ হওয়ার জন্য দু'টি শর্ত পূরণ করা জরুরি:

১. পড়ানোর বিষয়বস্তু শরীয়াহ সম্মত হতে হবে। কুফরি ও নাজায়েয বিষয়াদি থাকলে, সেটা ছাত্রদের সামনে স্পষ্ট করে সতর্ক করে দিতে হবে যে, এটা কুফুরি বা ঈমান ও শরীয়াহ পরিপন্থী বিষয়।
২. শরীয়াহ বিরোধী ও অনিসলামী সকল কার্যক্রম এবং অপসংস্কৃতিমূলক কর্মকাণ্ড থেকে বিরত থাকতে হবে। যেমন শরয়ী পর্দালঙ্ঘন, নাচ-গানের অনুষ্ঠান, হিন্দুয়ানী ও জাতীয়তাবাদী অনুষ্ঠান ইত্যাদি।

উক্ত দুটি শর্ত পূরণ করা সম্ভব হলে ইংলিশ মিডিয়াম স্কুলে চাকরি করাও বৈধ এবং তার বেতনও হালাল।

পক্ষান্তরে প্রথম শর্তটি পূরণ করা সম্ভব না হলে উক্ত চাকরিও নাজায়েয এবং তার বেতনও হারাম। বরং কুফুরি বিষয়গুলো পড়ানোও কুফুর।

আর প্রথম শর্তটি পূরণ করে দ্বিতীয়টি পূরণ করা সম্ভব না হলে, বেতন হালাল হবে, তবে (বাধ্য হয়ে) নাজায়েয কাজে জড়িত হতে হয় বিধায় এই চাকরি করা এবং নাজায়েয কাজগুলোতে অংশ গ্রহণ করা কোনোটাই জায়েয হবে না; বরং একারণে আপনি গুনাহগার হবেন। কোনো কোনো ক্ষেত্রে তা কুফুরও হতে পারে।

উল্লেখ্য, বাস্তবতা হল, এই শর্তগুলো পূরণ করে আজকাল স্কুলে চাকরি করা প্রায় অসম্ভব। যেমনটি আপনিও বলেছেন, উক্ত নাজায়েয কাজগুলো করতে বাধ্য করা হয়। এজন্য আমরা আপনাকে পরামর্শ দিব, যথাসম্ভব দ্রুত উক্ত চাকরি ছেড়ে রিযিকের জন্য অন্য কোনো হালাল পস্থা অবলম্বন করুন। আল্লাহ তায়ালা আপনার প্রয়োজনীয় জীবিকার ব্যবস্থা করে দেবেন ইনশাআল্লাহ। আল্লাহ তায়ালা বলেন,

وَمَنْ يَتَّقِ اللَّهَ يَجْعَلْ لَهُ مَخْرَجًا وَيَرْزُقْهُ مِنْ حَيْثُ لَا يَحْتَسِبُ وَمَنْ يَتَوَكَّلْ عَلَى اللَّهِ فَهُوَ حَسْبُهُ إِنَّ اللَّهَ بَالِغُ أَمْرِهِ قَدْ جَعَلَ اللَّهُ لِكُلِّ شَيْءٍ

قَدْرًا [الطلاق: 2, 3]

“যে কেউ আল্লাহকে ভয় করবে, আল্লাহ তার জন্য সংকট থেকে উত্তরণের কোনো পথ তৈরি করে দেবেন এবং তাকে এমন স্থান থেকে

রিযিক দান করবেন, যা তার ধারণার বাইরে। যে কেউ আল্লাহর উপর ভরসা করবে আল্লাহই তার (কর্ম সম্পাদনের) জন্য যথেষ্ট। নিশ্চিতভাবে জেনে রেখো, আল্লাহ তাঁর কাজ পূরণ করেই থাকেন। (অবশ্য) আল্লাহ সবকিছুর জন্য একটা পরিমাণ নির্দিষ্ট করে রেখেছেন।” –সূরা তালাক (৬৫): ২-৩

-তাতারখানিয়া ১৫/৮৫, ১৩০-১৩৪, রদ্দুল মুহতার: ৬/৩৯১-১৯২

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (গুফিরা লাছ)

১৬-০২-১৪৪২ হি.

০৪-১০-২০২০ ইং

